

💵 কুরআন ও সুন্নাহর আলোকে ইসলামী ফিকাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রথম পর্ব - তাওহীদ ও ঈমান রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত্তুওয়াইজিরী

৭. ইসলামের রোকনসমূহ

ইসলামের রোকন পাঁচটি:

عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللهِ بُنِيَ الإسْلاَمُ عَلَى خَمْسٍ: شَهَادَةِ أَنْ لاَّ إِلَهَ إِلاَّ اللهُ، وَأَنَّ مُحَمَّدًا رَّسُولُ اللهِ، وَإِقَامِ الصَّلاَةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَحَجّ الْبَيْتِ، وَصنَوْم رَمَضنانَ متفق عليه.

আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রস্লুল্লাহ (সা.) বলেছেন: "ইসলাম পাঁচটি স্তম্ভের উপর প্রতিষ্ঠিত। (১) সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া আর কোন সত্য ইলাহ্ নেই এবং মুহাম্মদ (সা.) আল্লাহর রস্ল। (২) সালাত প্রতিষ্ঠা করা। (৩) জাকাত প্রদান করা। (৪) হজ্ব সম্পাদন করা। (৫) রমজান মাসের রোজা রাখা।"[1] "লা ইলালাহ ইল্লাল্লাহ" এ সাক্ষ্য প্রদানের অর্থ:

মানুষ তার জবান ও অন্তর দ্বারা স্বীকার করবে যে, আল্লাহ ব্যতীত আর কোন সত্য ইলাহ্-উপাস্য নেই। আর তিনি ছাড়া যত মা'বূদ রয়েছে তাদের উলূহিয়াত বাতিল এবং তাদের ইবাদত করাও বাতিল। ইহা নেতিবাচক "লা ইলাহা" অর্থাৎ আল্লাহ ব্যতীত যার ইবাদত করা হয় সকলকে অস্বীকার করা। আর ইতিবাচক "ইল্লাল্লাহ" অর্থাৎ সকল প্রকার ইবাদত একমাত্র আল্লাহর জন্যই করা, যার ইবাদতে কোন শরিক নেই। যেমন তাঁর রাজত্বে তিনি একক তাঁর কোন শরিক নেই।

"মুহাম্মাদুর রসূলুল্লাাহ্" এ সাক্ষ্য প্রদানের অর্থ:

নবী (সা.) যার নির্দেশ করেছেন তার আনুগত্য করা এবং যা খবর দিয়েছেন তা বিশ্বাস করা। আর যে সকল জিনিস থেকে নিষেধ-বারণ করেছেন ও যে সকল ব্যাপারে ধমক দিয়েছেন সেগুলো থেকে সম্পূর্ণভাবে দূরে থাকা এবং তাঁর দেয়া শরীয়ত ছাড়া অন্য কোন শরীয়ত মোতাবেক আল্লাহর ইবাদত না করা।

ফুটনোট

[1]. বুখারী হাঃ নং ৮ ও মুসলিম হাঃ নং ১৬ শব্দ তারই

Source — https://www.hadithbd.com/books/link/?id=14967

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন